# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায় - ঈশ্বর ও নবীগণ বিষয়ক অশোভনীয়তা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৬. ২. ১১. ৭. দাউদের বিষয়ে ঈশ্বরের সাক্ষ্য

সম্মানিত পাঠক, উপরে দাউদের উলঙ্গতা, ব্যভিচার, ধর্ষণ, হত্যা, মিথ্যাচার ইত্যাদি বিষয়ে বাইবেলের বর্ণনা আমরা দেখলাম। দাউদের গণহত্যা, ও নির্মমতা বিষয়ে আরো অনেক বর্ণনা নবম অধ্যায়ে হত্যা ও যুদ্ধ প্রসঙ্গে আমরা দেখব। এখানে উল্লেখ্য যে, দাউদের বিষয়ে স্বয়ং ঈশ্বর সাক্ষ্য দিয়েছেন যে দাউদ ঈশ্বরের হুকুম মেনে চলতেন, মনে প্রাণে তাঁর বাধ্য ছিলেন এবং ঈশ্বরের চোখে যা ঠিক শুধু তাই দাউদ করতেন: : "দাউদ আমার হুকুম মেনে চলত এবং মনে প্রাণে আমার বাধ্য ছিল। আমার চোখে যা ঠিক সে কেবল তা-ই করত। (১ বাদশাহনামা ১৪/৮)।

বাইবেল আরো সাক্ষ্য দিয়েছে যে, দাউদ ঈশ্বরের মনের মত লোক ছিলেন এবং সর্বদা ঈশ্বরের ইচ্ছাই পূরণ করতেন: "আমি ইয়াসিরের পুত্র দাউদের মধ্যে আমার মনের মত লোকের খোঁজ পেয়েছি। আমার সকল ইচ্ছা সে পুরণ করবে (shall fulfil all my will: আমি যা চাই সে তা-ই করবে)।" (প্রেরিত ১৩/২২)

উপরের কর্মগুলোর মধ্যে ঊরিয়র বিষয় ছাড়া কোনো বিষয়েই ঈশ্বর আপত্তি করেননি। এতে নিশ্চিত হওয়া যায় যে, এ বিষয়টা ছাড়া উপরের সকল বিষয়েই দাউদ ঈশ্বরের চোখে সঠিক কাজই করেছিলেন। তিনি মনে প্রাণে ঈশ্বরে বাধ্য ছিলেন বলেই এবং ঈশ্বরের ইচ্ছা পূরণেই এগুলো করেছেন। এ সকল কর্মের মাধ্যমে তিনি ঈশ্বরের পুত্র, জাত পুত্র, প্রথমপুত্র, নবী, খ্রিষ্ট ও ফেরেশতা হিসেবে তাঁর দায়িত্ব পালন করেছেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14337

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন